# বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

BCB
Service With Trust

কর্পোরেট অফিসঃ **ইউনুস ট্রেড সেন্টার (লেভেল ২২)**
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।


## ২৮তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর ২৮তম বার্ষিক সাধারণ সভা আগামী **২৬ সেপ্টেম্বর, ২০২৬ইং তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ টায়** নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্তে এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে।

**আলোচ্যসূচী ঃ**

১। ৩১ ডিসেম্বর, ২০২৫ইং সমাপ্ত বছরের ব্যাংকের নিরীক্ষিত আর্থিক বিবরণী, ঐ তারিখে স্থিতিপত্রসহ তদ্‌বিষয়ে পরিচালক ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
২। ২০২৬ইং সালের জন্য অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ।
৩। সভাপতির অনুমতিক্রমে অন্য যে কোন বিষয়ে আলোচনা।

পর্ষদের আদেশক্রমে
স্বা/-
**(মোঃ ওমর ফারুক ভূঁঞা)**
কোম্পানী সচিব

**তারিখঃ আগষ্ট ২০, ২০২৬**
ঢাকা।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১। কোম্পানীর ২৮তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে শেয়ার হস্তান্তর বহিঃ আগামী **০১-০৯-২০২৬ইং** থেকে **০৩-০৯-২০২৬ইং** তারিখ (উভয় দিনসহ) বন্ধ থাকবে।

২। ২৮তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের যোগ্য কোম্পানীর যে কোন সদস্য/সদস্যা তার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফরম অথবা পাওয়ার অব এটর্নী বা ক্ষমতাপত্র বা নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত ক্ষমতাপত্র এজিএম-এর কার্যক্রম শুরু হওয়ার কমপক্ষে **৭২ ঘন্টা** পূর্বে কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে প্রেরণ করতে হবে। যদি প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ ও ২০/- টাকা মূল্যের রেভিনিউ ষ্ট্যাম্প যুক্ত করন পূর্বক নির্ধারিত সময়ে জমা দেয়া না হয় তাহলে প্রক্সি ফরম বৈধ বলে বিবেচিত হবে না।

৩। সাধারণ সভা অনুষ্ঠানের দিন ডিজিটাল প্ল্যাটফর্ম **সকাল ১০:০০ ঘটিকা** থেকে উন্মুক্ত থাকবে। সম্মানিত শেয়ারহোল্ডারদের ওয়েব লিংক-এর মাধ্যমে এজিএম-এ সংযুক্ত থাকার অনুরোধ করা হলো। এজিএম-এ সংযুক্ত হবার বিস্তারিত প্রক্রিয়া ব্যাংকের ওয়েবসাইট: **www.bcblbd.com** -এ উল্লেখ থাকবে।

৪। ২৮তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদন-২০২৫, নোটিশ ও প্রক্সি ফরম ডাকযোগে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিবন্ধিত ঠিকানায় প্রেরণ ও ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হবে। সভা অনুষ্ঠানের পূর্বে কেউ বার্ষিক প্রতিবেদন, নোটিশ/প্রক্সি ফরম এবং এজিএম-এ উপস্থিতির লিংক না পেয়ে থাকলে ব্যাংকের **website: www.bcblbd.com** বা রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো **(টেলিফোন- ০৯৬১-৩২২-১০৭০ ও ০২-২২৩৩৫৫৭০৪)।**

৫। ঠিকানার কোন পরিবর্তন হলে **বার্ষিক প্রতিবেদন প্রেরণের পূর্বে** বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড-এর রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে লিখিতভাবে অবহিত করার জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হলো।

৬। কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এর বিধান মোতাবেক **পরিচালকের অবসর গ্রহণ ও তদস্থলে নির্বাচন/পুনঃনির্বাচন ঃ**
গত ০৩ সেপ্টেম্বর ২০২৪ইং তারিখে বাংলাদেশ ব্যাংক এর পত্র সূত্র নং: বিআরপিডি(বিএমএমএ)৬৫১/৯(২৯)ডিএ/২০২৪-৭৭৭৯ এর মাধ্যমে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৭(১) এবং ৪৮(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমানতকারীদের স্বার্থ রক্ষা ও জনস্বার্থে বিদ্যমান পরিচালনা পর্ষদ বাতিলপূর্বক পত্র সূত্র নং: বিআরপিডি(বিএমএমএ)৬৫১/৯(২৯)ডিএ/২০২৪-৭৭৮১ এর মাধ্যমে ব্যাংকিং সুশাসন নিশ্চিতকল্পে ও জনস্বার্থে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিসিবিএল পরিচালনা পর্ষদ নতুনভাবে গঠন করে।

ব্যাংকের সংঘ-বিধি, ব্যাংক কোম্পানী আইন ও কোম্পানী আইনের বিধান মোতাবেক প্রতি এজিএম-এ জ্যেষ্ঠতার ভিত্তিতে ১/৩ (এক তৃতীয়াংশ) পরিচালকের অবসর গ্রহণের বিধান রয়েছে। ফলে পরিবর্তিত পরিস্থিতিতে এক তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ ও নিয়োগ/পুনঃনিয়োগ সংক্রান্ত বিধান বর্তমান পর্ষদের বিষয়ে প্রযোজ্য কি না, সে বিষয়ে একজন বিজ্ঞ আইনজীবীর মতামত গ্রহণ করা হয় যা নিম্নরুপ;

**"ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৮(৩) ধারার বিধান মোতাবেক ৪৭ ধারার অধীন গৃহীত কোন ব্যবস্থা, আদেশ বা সিদ্ধান্ত সম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা অন্য কোন কর্তৃপক্ষের কোন প্রকার প্রশ্ন উত্থাপনের সুযোগ নেই। এছাড়া উদ্ভুত বিশেষ পরিস্থিতিতে ১৯৯১ সালের ব্যাংক কোম্পানী আইন বা ১৯৯৪ সালের কোম্পানী আইন বা বাংলাদেশ কমার্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন) আইন, ১৯৯৭ এ অনুরুপ নিয়োগ পরবর্তী এজিএম-এ পরিচালক নির্বাচনের ক্ষেত্রে করণীয় সম্পর্কে কোন বিধান প্রদান করা হয়নি।**

**এমতাবস্থায় যেহেতু বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগকৃত পরিচালকবৃন্দ বিশেষ কারণে বিশেষ দায়িত্ব পরিপালন করছে এবং যেহেতু এরুপ কার্যধারা বা সিদ্ধান্ত কোন আদালত বা ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের প্রশ্নাতীত। সেহেতু বিশেষ পরিস্থিতি বিবেচনায় পরিচালক পদত্যাগ ও পুনঃনির্বাচনের প্রক্রিয়াটি আগামী এজিএম এ স্থগিত রাখা ছাড়া ভিন্ন কোন উপায় পরিলক্ষিত হয় না।"**

বিজ্ঞ আইনজীবীর আইনী মতামতের ভিত্তিতে ও কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এর বিধান মোতাবেক পরিচালকের অবসর গ্রহণ ও তদস্থলে নির্বাচন/পুনঃনির্বাচন এর বিষয়টি **এই এজিএম এর আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি। বিষয়টি সম্মানিত শেয়ারহোল্ডাদের সদয় অবগতির জন্য পেশ করা হলো।**

বণিক বার্তা – তারিখঃ ২০.০৮.২০২৬ - পৃষ্ঠা নং - ৯

D:\S. M. MONIR ALAM\28th AGM\LATEST\FOR AR_NEW_2025\AR_2025\2. 28th AGM Notice in Bangla -2026.doc